দৈনিক খবর

তারিখ 1 1 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

32

### এসএসসি পরীক্ষার প্রথম দিন

# ৪ হাজার পরীক্ষার্থী ও ৬ শিক্ষক বহিষ্কার ।। গ্রেফতার ১২ জন

।। স্টাফ রিপোর্টার ।।

এস এস সি পরীক্ষার প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার প্রায় চার হাজার পরীক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার অভিযোগে বহিস্কার করা হয়েছে। এ ছাড়াও নকল সরবরাহের অভিযোগে ৬ জন শিক্ষককে পরীক্ষা কেন্দ্র হতে বহিস্কার করা হয়। নকল সরবরাহ করার দায়ে ১২ জন বহিরাগতকেও গ্রেফতার করা হয়েছে। হাটহাজারীতে পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করতে গুলীবর্ষণ করেছে। এতে ২ জন পুলিশ আহত হয়। লাকসামে জনতা রাস্তার উপর দাঁড়িয়ে যানবাহন চলাচলে বিঘ্ন ঘটায়। এ ছাড়া তেমন কোন বড় ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

ঢাকা কন্ট্রোল রুম সূত্র জানায়, ঢাকা বোর্ডের ১৪০টি কেন্দ্রের মধ্যে ৮১টি কেন্দ্রে ১৩৪৭ জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হয়েছে। এরমধ্যে কিশোরগঞ্জ জেলায় ৩৫৪ জন, পাকুন্দিয়ায় ১৯৩ জন, জামালপুরে ১২৭ জন, শেরপুরে ১৩৯ জন, ময়মনসিংহে ২২৫ জন, গোপালগঞ্জে ১১১ জন, টঙ্গী পাইলট উচ্চ বিদ্যালয়ে ২ জন, রাজবাড়ীতে ৮ জন, ফরিদপুরে ৪৯ জন, টাঙ্গাইলে ২০৮ জন, নরসিংদীতে ৭৯ জন, গাজীপুরে ৩২ জন, ঢাকা জেলায় ৩ জন পরীক্ষার্থী রয়েছে।

*শেষ পৃষ্ঠায় ৩য় কলামে*